জনকল্যাণে রাজস্ব

উন্নয়নের অক্সিজেন রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-রাজশাহী
কর ভবন, হেলেনাবাদ, রাজশাহী
www.taxeszonerajshahi.gov.bd

বিজ্ঞপ্তি নং-১ই-৭(খ)/২০১৬-২০১৭/১৬১২(১-২)

তারিখ- ১৯.০৪.২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০২৯.১৭-১৮৫/১(৬) তারিখ-১৩/০৪/২০১৭ খ্রিঃ অনুযায়ী শুন্য পদ পুরণে ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে কর অঞ্চল-রাজশাহী'র অধীনে নিম্নে বর্নিত শুন্য পদ সমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে কর অঞ্চল-রাজশাহী'র অধিক্ষেত্রাধীন জেলা সমূহের (রাজশাহী, নওগাঁ, নবাবগঞ্জ, নাটোর, পাবনা) স্থায়ী বাসিন্দা/নাগরিকগণের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ছকে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ	পদের নাম	শুন্য পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন।
১।	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর	০১ (এক)	১১০০০-২৬৫৯০	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রতি মিনিটে সাঁটলিপিতে গতি বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দ। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির গতি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ।	চাঁপাইনবাবগঞ্জ ও নাটোর
২।	উচ্চমান সহকারী	০১ (এক)	১০২০০-২৪৬৮০	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং কম্পিউটার বেসিক কোর্সে উত্তীর্ণ।	নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ ও নাটোর
৩।	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০৬ (ছয়)	১০২০০-২৪৬৮০	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রতি মিনিটে সাঁটলিপি লিখনে গতি বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ।	নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর ও পাবনা জেলা
৪।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৪ (চার)	৯৩০০-২২৪৯০	এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রতি মিনিটে কম্পিউটার টাইপিং গতি ইংরেজীতে ২০ ও বাংলায় ২০ শব্দ।	নওগাঁ, নাটোর ও পাবনা জেলা
৫।	অফিস সহায়ক	০৪ (চার)	৮২৫০-২০০১০	এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	চাঁপাইনবাবগঞ্জ, নাটোর ও পাবনা জেলা
৬।	নোটিশ সার্ভার	০২ (দুই)	৮২৫০-২০০১০	এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	নাটোর ও পাবনা
৭।	নিরাপত্তা প্রহরী	০১ (এক)	৮২৫০-২০০১০	এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও সুস্বাস্থ্যের অধিকারী	নওগাঁ ও নাটোর

আবেদন করার শর্তাবলী:

১। স্বহস্তে পূরণকৃত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত 'চাকুরীর আবেদন ফরম' ('চাকুরীর আবেদন ফরম' www.taxeszonerajshahi.gov.bd ওয়েব পেজ হতে ডাউনলোড করা যাবে) আগামী ১১.০৫.২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী, কর ভবন, হেলেনাবাদ, রাজশাহী বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে সাধারণ ডাকযোগে অথবা অফিসে সংরক্ষিত বাক্সে পৌছাতে হবে।

২। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র এর নিকট হতে নামাঙ্কিত সীলমোহরসহ স্বাক্ষরিত নিজ জেলা ও নাগরিকত্বের সনদপত্র আবেদপত্রের সাথে দাখিল করতে হবে।

৩। সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর এবং সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর পদের জন্য সরকার অনুমোদিত/স্বীকৃত প্রতিষ্ঠান হতে সাঁটলিপির গতি ও কম্পিউটার টাইপিং এর গতি এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য সরকার অনুমোদিত/স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার টাইপিং এর গতি সংক্রান্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪। আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) লেখা সম্বলিত অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত ৯.৫" ×৪.৫" ইঞ্চি মাপের একটি খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫। সকল পদের ক্ষেত্রেই আবেদনকারীর বয়স ০১/০৪/২০১৭ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। এতিম/প্রতিবন্ধী/ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানগণের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনীর ক্ষেত্রে আবেদনকারীর বয়স সীমা সর্বোচ্চ ৩০ বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৬। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা/ নাতি/নাতনী হলে আবেদন পত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সকল ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। মহিলা, এতিমখানা নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, উপজাতি প্রার্থীদের কোটা ও বয়স সরকারী নীতিমালা অনুযায়ী সংরক্ষণ করা হবে। এ সকল প্রার্থীকে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের সার্টিফিকেটসহ আবেদপত্র দাখিল করতে হবে। এই সংক্রান্ত কোন সার্টিফিকেট পরবর্তীতে বিবেচনায় আনা হবে না।

৮। নিয়োগের ব্যাপারে সরকারী বিধি/নির্দেশ মোতাবেক সকল প্রকার কোটা নীতি অনুসরন করা হবে।

৯। উল্লেখিত ৭টি পদে রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর ও পাবনা জেলার এতিম/প্রতিবন্ধী/ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১০। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। আবেদনপত্রের খামের উপর পদের নাম ও আবেদনকারীর নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১২। আবেদনপত্রে নিজ জেলা সম্পর্কে ভুল তথ্য পরিবেশন করা হলে এবং প্রদত্ত কোন প্রমানাদি অসত্য বলে প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। আবেদনপত্রের সাথে উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-রাজশাহী'র বরাবরে কোড নং-১-১১৪১-০০৬০-২০৩১ উল্লেখ পূর্বক ক্রমিক নং ১,২,৩,৪ পর্যন্ত পদে আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং ৫,৬ ও ৭ পদে আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা পূর্বক চালানের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৩। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। যোগ্য প্রার্থীদেরকে পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচী আবেদনপত্রে প্রদত্ত বর্তমান ঠিকানায় যথাসময়ে ডাকযোগে পাঠানো হবে।

১৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। উপরে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(মোঃ কাওসার আলী)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-রাজশাহী
ফোনঃ ০৭২১-৭৭৫৭৯৭।